

বোরো ধানের ব্লাস্ট প্রতিরোধী জাতের চাষ ও করণীয়



পাতা ব্লাস্ট

গিট ব্লাস্ট

শীষ ব্লাস্ট

- ❖ ব্রিধান-২৮ এর বিকল্প জাত ব্রিধান-৮৮ এবং ব্রিধান-২৯ এর পরিবর্তে ব্রিধান-৮৯ আবাদ করুন
- ❖ বীজতলা থেকে চারা উত্তোলনের ৭-১০ দিন পূর্বে বীজতলায় স্ট্রিমিন/ব্লাস্টিন/নাটিভো ৬ গ্রাম/১০লিঃ হারে ০৫ শতাংশ বীজতলায় স্প্রে করতে হবে
- ❖ জমিতে সুষম মাত্রায় সার ব্যবহার করতে হবে এবং প্রয়োজনের তুলনায় অতিরিক্ত ইউরিয়া সার ব্যবহার করা যাবে না
- ❖ জমি চাষের সময় বিঘা প্রতি ১০ কেজি এমওপি (লাল) সার প্রয়োগ করতে হবে এবং ধানে থোর আসার ৭-১০ দিন পূর্বে পুনরায় ১০ কেজি এমওপি (লাল) সার প্রয়োগ করতে হবে
- ❖ জমিতে সবসময় পরিমাণ মতো পানি রাখতে হবে
- ❖ ধান রোপণের ৪০ দিন পর থেকে ১০ দিন পর পর ২-৩ বার স্ট্রিমিন/ব্লাস্টিন/নাটিভো ৩৬ গ্রাম/৬০লিটার হারে ১ বিঘা/কিয়ার জমিতে বিকেল বেলা হালকা রোধে স্প্রে করতে হবে
- ❖ ব্লাস্টের আক্রমণ দেখা দিলে জমিতে পানি রাখতে হবে এবং গাছ সুস্থ হবার আগ পর্যন্ত ইউরিয়া সারের প্রয়োগ বন্ধ রাখতে হবে।

ব্রিধান-২৮ এর বিকল্প জাত ব্রিধান-৮৮

ব্রিধান-২৮	ব্রিধান-৮৮
গড় উচ্চতা ৯০ সেঃমিঃ (৩৫ ইঞ্চিঃ)	গড় উচ্চতা ১২২ সেঃমিঃ (৪৮ ইঞ্চিঃ)
চাল মাঝারি চিকন ও ভাত ঝরঝরে	চাল লম্বা ও চিকন
গড় ফলন ১২-১৪ মণ/বিঘা	গড় ফলন ২১-২২ মণ/বিঘা
জীবনকাল -১৪৭ দিন	জীবনকাল -১৪২ দিন
ব্লাস্টের আক্রমণ তীব্র	ব্লাস্টের আক্রমণ কম

ব্রিধান-৮৮ ছাড়াও ব্রিধান-৮১, ব্রিধান-৮৪, ব্রিধান-৮৬, ব্রিধান-৯৬, ব্রিধান-১০১, ব্রিধান-১০৪, ব্রিধান-১০৫ এবং সকল হাইব্রিড জাতের ক্ষেত্রে প্রযোজ্য।

ব্রিধান-২৯ এর বিকল্প জাত ব্রিধান-৮৯

ব্রিধান-২৯	ব্রিধান-৮৯
গড় উচ্চতা ৯৫ সেঃমিঃ (৩৮ ইঞ্চিঃ)	গড় উচ্চতা ১০৬ সেঃমিঃ (৪২ ইঞ্চিঃ)
চাল মাঝারি চিকন ও সাদা	চাল মাঝারি মোটা ও সাদা
গড় ফলন ১৬-১৭ মণ/বিঘা	গড় ফলন ২৭-২৮ মণ/বিঘা
জীবনকাল -১৬০ দিন	জীবনকাল -১৫৫ দিন
ব্লাস্টের আক্রমণ তীব্র	ব্লাস্টের আক্রমণ কম

ব্রিধান-৮৯ ছাড়াও ব্রিধান-৯২, ব্রিধান-৯৭, ব্রিধান-৯৯, বঙ্গবন্ধু-১০০, ব্রিধান-১০২ জাতের ক্ষেত্রে প্রযোজ্য।

ব্লাস্ট প্রতিরোধে সকলের সম্মিলিত প্রচেষ্টা নিশ্চিত করবে খাদ্য নিরাপত্তা।



প্রচারে : কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার।